৭। কবিপ্রসিদ্ধি কি?

উত্তর:- বিশ্বজগতের স্রষ্টা ভগবান। কিন্তু কাব্য, নাটক বা সাহিত্যজগতের স্রষ্টা কবি — "কবিরেব প্রজাপতিঃ"। কবিরা এই জগৎ সৃষ্টি করেন কল্পনার মাধ্যমে। এর উপাদান যদিও বিশ্ব-জগৎ থেকেই সংগৃহীত হয় তবু পরিমাণে গৃহীত হয় নিজের কল্পনা অনুসারে। অনেক বাস্তব-জগতের কিছু বস্তু বা ঘটনা কিন্তু নতুন, অনেকক্ষেত্রে কাব্যজগতে কবিরা প্রকাশিত করে থাকেন। কবিদের এই জগৎসমস্ত বাস্তব-গ্রাহ্য নয়। কবিদের কল্পনাপ্রসূত বস্তুর কথা অতঃসিদ্ধ রূপে ঐতিহ্যক্রমে কাব্যে চলে চলে আসছে। এইভাবে চলে আসা কবিকল্পনাপ্রসূত চিত্র বা কথাগুলোকেই সাহিত্যে কবিপ্রসিদ্ধি বলা হয়।

৮। অলঙ্কার শব্দের অর্থ দুটি কি কি?

উত্তর: সংস্কৃত 'অলম্' শব্দের থেকে 'অলঙ্কার' শব্দ এসেছে। 'অলম্' শব্দের অর্থ দুটি। — একটি পর্যাপ্তি বা যথেষ্ট এবং অন্যটি অলংকার-ভূষণ। এই দুটি অর্থ থেকেই অলঙ্কার শব্দের অর্থ দুটি। প্রথম অর্থে যিনি, কাব্য সাহিত্যে পর্যাপ্তি আনি দিয়ে, অর্থাৎ একটা আনন্দদায়ক মুগ্ধতা, নিবিড় রস উপভোগের যোগ্য করে তোলে, তিনিই অলঙ্কার। দ্বিতীয় অর্থে যিনি সাহিত্যকে কটক-কুণ্ডল কঙ্কণ-কুণ্ডল প্রভৃতির মতো ভূষিত করে, তিনিই অলঙ্কার।